গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
www.doict.rowangchhari.bandarban.gov.bd

**উপজেলা আইসিটি বিষয়ক কমিটির ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ আতিকুল মামুন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা |
| সভার তারিখ | : | ২৭ ডিসেম্বর ২০২৩ |
| সময় | : | সকাল- ১০.৩০ |
| সভার স্থান | : | উপজেল পরিষদ সভা কক্ষ |
| উপস্থিতি ও অনুপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|
| ০১. | **সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত:** জেলা আইসিটি বিষয়ক সভা ও উপজেলা আইসিটি বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | জেলা ও উপজেলা আইসিটি বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০২. | **জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত:**<br>জাতীয় তথ্য বাতায়ন আরো অধিকতর কার্যকর ও তথ্য নির্ভর করতে হালনাগাদ তথ্য আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। উপজেলার সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়নের অসম্পূর্ণতা দূরীকরণের জন্য নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। উপজেলার সকল সরকারি দপ্তরসমূহ বাংলা ও ইংরেজি ভার্সনে তথ্য বাতায়ন হালনাগাদ করার নির্দেশনা দেওয়া হয়।<br>বিশেষ করে স্মার্ট বাংলাদেশ রুপান্তরে নিজ নিজ পোর্টালে কর্মকর্তা প্রোফাইল, সিটিজেন চার্টার, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অনিক ও আপীল কর্মকর্তা, সেবাবক্স, নিউজ ও নোটিশসহ অন্যান্য তথ্য হালনাগাদ করার জন্য সভাপতি সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়।<br>রোয়াংছড়ি উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদ রয়েছে। সকল সরকারি অফিসের আলাদা ডোমেইন হওয়ায় অফিস প্রধানগণ নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে নিজ নিজ তথ্য বাতায়ন হালনাগাদ রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। ইউনিয়ন তথ্য বাতায়নে ইউপি সচিব ও উদ্যোক্তাবৃন্দ বাংলা ও ইংরেজি ভার্সনে হালনাগাদ তথ্য আপলোড করবেন। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।<br>খ) উপজেলার সরকারি দপ্তরসমূহকে প্রদানকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে। রিপোর্ট দেখে সর্বশেষ আপডেটসহ ১০০% হালনাগাদ নিশ্চিত করতে হবে।<br>গ) নিজ নিজ পোর্টালে কর্মকর্তা প্রোফাইল, সিটিজেন চার্টার, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অনিক ও আপীল কর্মকর্তা, সেবাবক্স, নিউজ ও নোটিশসহ অন্যান্য তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | ১। সরকারি দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। ইউপি সচিব (সকল)<br>৪। ইউডিসি উদ্যোক্তা (সকল) |
| ০৩. | **ই-ফাইলিং (নথি) সংক্রান্ত:** সরকারি দপ্তরসমূহে ই-নথি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। ই-নথি সিস্টেমের মাধ্যমে আগত সকল পত্র দাপ্তরিক পত্র হিসেবে বিবেচনা করে উক্ত সিস্টেমের মাধ্যমে প্রক্রিয়াকরণ এবং সিস্টেম থেকে পত্রজারীর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা<br>খ) যে সকল সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সে দপ্তরসমূহ ই-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তি করতে অনুরোধ করা হয়।<br>গ) অপ্রয়োজনীয় পত্রজারী না করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | ক) সকল সরকারি অফিসে ই-নথি সিস্টেম ব্যবহারের মাধ্যমে পত্রজারীসহ দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন আইসিটি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার।<br>খ) অনিষ্পন্ন ডাক ও নথিসমূহ যথাসময়ে নিষ্পন্ন করতে হবে এবং অপ্রয়োজনীয় পত্র প্রেরণ হতে বিরত থাকতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। সংশ্লিষ্ট সকল |
| ০৪. | **মাল্টিমিডিয়া ক্লাশরুম সংক্রান্ত:** সকল শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুমসমূহ নিয়মিত চালু রাখা এবং আরও ফলপ্রসু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। রোয়াংছড়ি উপজেলায় মাল্টিমিডিয়া ক্লাশরুম অনলাইন ড্যাশবোর্ডে ০১টি | ক) উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম এর বর্তমান অবস্থা পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>খ) এমএমসি ক্লাসের জন্য আলাদা রুটিন করে সে | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন করা হয়। এমএমসিএম সিস্টেম সমস্য থাকায় এখন আপলোড বন্ধ রয়েছে। সিস্টেম চালু না হওয়া পর্যন্ত রেজিস্টারে সংরক্ষণ করে প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে গুরুত্ব দেয়া হয়। | অনুযায়ী নিয়মিত ক্লাস নিশ্চিত করতে হবে এবং মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ০৫. | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব সংক্রান্ত:** আইসিটি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাবস্থাপন প্রকল্পের আওতায়, আইসিটি অধিদপ্তর কর্তৃক রোয়াংছড়ি উপজেলায় (রোয়াংছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়) ০১টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ মোট ২টি ল্যাব রয়েছে। উক্ত ল্যাবসমূহ কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানানো হয়। ল্যাবসমূহ যথাযথ ব্যবহার মনিটর করার জন্য সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>ল্যাবে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আইসিটি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। এতে ল্যাবে স্থাপিত ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রাংশের সুষ্ঠু ব্যাবাহার নিশ্চিত হবে পাশাপাশি ল্যাবের অচল যন্ত্রাংশের মেরামত করা যাবে মর্মে আলোচনা করা হয়।<br>যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব সহকারী নাই ঐ সকল প্রতিষ্ঠানে ল্যাব সহকারী নিয়োগের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাব পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>খ) শেখ রাসেল ডিজিটাল ল্যাবে শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থাসহ ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>গ) ল্যাবে স্টক রেজিস্টার, পরিদর্শন রেজিস্টার, ছাত্র-ছাত্রী ও শিক্ষক ব্যবহার রেজিস্টারসহ অন্যান্য রেজিস্টার রাখতে হবে এবং তা নিয়মিত আপডেট করতে হবে।<br>ঘ) ল্যাবের নষ্ট কম্পিউটার সামগ্রী মেরামত ও পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>ঙ) ল্যাব নিয়মিত আইসিটি ক্লাসসহ অন্যান্য কার্যক্রম চালু রেখে ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>ছ) চুক্তিনামা ও 'কম্পিউটার ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২' অনুযায়ী ল্যাবে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের সুযোগ দেয়া যাবে ।<br>জ) উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের উপস্থিতি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের প্রতিষ্ঠান প্রধানদের উপস্থিত থাকতে হবে এবং সভায় ল্যাবের মাসিক প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। উপজেলা শিক্ষা অফিসার<br>৪। প্রতিষ্ঠান প্রধান(সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব।<br>৪। সংশ্লিষ্ট সকল |
| ০৬. | **ডিজিটার সেন্টার সংক্রান্ত:** রোয়াংছড়িতে মোট ৪টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার রয়েছে। সংশ্লিষ্ট সকল সদস্যকে উক্ত ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত পরিদর্শন করার বিষয়ে আলোচনা হয়।<br>**একসেবায় নিয়মিত তথ্য আপলোডকরণ:** ইউডিসি'র দৈনিক রিপোর্ট একসেবায় নিয়মিত তথ্য আপলোড করা হয়না মর্মে সভাপতি উদ্বেগ প্রকাশ করেন। এ বিষয়ে উদ্যোক্তাদের মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যান ও সচিবদের অনুরোধ জানানো হয়। নভেম্বর/২০২৩ মাসে একসেবায় উদ্যোক্তাদের মোট আয় ৪,২৪৯/- টাকা ও মোট সেবা গ্রহীতা সংখ্যা ২৯৫ জন।<br>উপজেলা আইসিটি সংক্রান্ত কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাদের উপস্থিতির বিষয় নিয়ে আলোচনা করা হয়। | ক) সুবিধামত সময়ে ইউডিসিসমূহ পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>খ) ইউডিসি'র দৈনিক আয়ের রিপোর্ট একসেবা uddokta.eksheba.gov.bd/login এ নিয়মিত আপলোড করতে হবে।<br>গ) ইউডিসি উদ্যোক্তাদের কার্যক্রম তদারকি এবং একসেবায় নিয়মিত আয়ের রিপোর্ট আপলোড নিয়মিত মনিটরিং করতে হবে।<br>ঘ) উপজেলা আইসিটি কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাগণ একসেবার মাসিক রিপোর্টসহ সভায় উপস্থিত হতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>৩। ইউপি চেয়ারম্যান/সচিব (সকল)<br>৪। উদ্যোক্তা (সকল)<br>৫। সংশ্লিষ্ট সকল |
| ০৭. | **সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। যেকোন ঘটনা অবগত হওয়ার সাথে সাথে প্রশাসনকে অবহিত করার জন্য সচেতন মহলকে এগিয়ে আসার অনুরোধ করেন। সোশ্যাল মিডিয়া ব্যবহার করার ক্ষেত্রে অতি সাবধানতা অবলম্বন এবং সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত সংস্কারণ) সমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রত্যেক ধর্মীয় নেতৃবৃন্দ বিভিন্ন বয়ানে এবং | ক) উপজেলা পর্যায়ে প্রতিদিনের বিভিন্ন কার্যক্রম ফেইসবুক পেইজে নিয়মিত আপলোড করতে হবে।<br>খ) উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে নিজস্ব ফেইসবুক পেইজ খুলে নিজ নিজ কার্যক্রমের উপর ১মিনিটের ভিডিও তৈরি করে আপলোড দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে (জেলা ও উপজেলা তথ্য বাতায়নে আপলোড করা আছে)। | ১। সহকারী প্রোগ্রামার<br>২। সকল সরকারি দপ্তর<br>৩। সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | **সুরক্ষা সনদ সংশোধন সংক্রান্ত:** আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বান্দরবান সদর কর্তৃক সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ টিকা সনদ সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান করা হচ্ছে। | ক) সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ ভ্যাক্সিন সংশোধনীর কার্যক্রম চলমান রাখতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর। |
| ০৯. | **বিবিধ:** 'হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্পের আওতায় রোয়াংছড়ি উপজেলায় বিনামূল্যে নারীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন করা হবে। কোর্সসমূহ হচ্ছে-<br>(১) IT Service Provider (ISP) ৪টি ব্যাচে ৮০ জন,<br>(২) Graphics Design (GD): ২টি ব্যাচে ৪০ জন,<br>(৩)Web Development (WD): ১টি ব্যাচে ২০ জন,<br>(৪) Digital Marketing (DM): ১টি ব্যাচে মোট ২০ জন,<br>(৫) Women E-commerce Professional (WEP): ১টি ব্যাচে ২৫ জন<br>০৫ (পাঁচ) মাসব্যাপী এই প্রশিক্ষণগুলো প্রদান করা হবে।<br>উল্লেখ্য গত ১৮ অক্টোবর ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী সারা বাংলাদেশ উক্ত প্রশিক্ষণ কার্যাক্রমের শুভ উদ্বোধন করেন। বান্দরবানে রোয়াংছড়ি উপজেলায় "ওমেন ই-কমার্স প্রফেশনাল" ১টি ব্যাচে ২৫ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে প্রশিক্ষণ কার্যাক্রম চলমান রয়েছে। | ক) 'হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্পের আওতায় রোয়াংছড়ি উপজেলায় বিনামূল্যে নারীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনে অধিক প্রচারসহ প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করতে হবে।<br>খ) চলমান প্রশিক্ষণ সমুহ তদারকি এবং অবশিষ্ট ব্যাচসমূহের প্রশিক্ষণ আয়েজনে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান |

উপস্থিত সকলের প্রতি আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।


মোহাম্মদ আতিকুল মামুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা
ফোন নম্বর- ০১৫৫০০০৭১৮২
E-mail: unorowangchari@mopa.gov.bd


স্মারক: ৫৬.০৪.০৩৯১.০০০.০৬.০০১.২২.

তারিখ: ১২ পৌষ ১৪৩০ / ২৭ ডিসেম্বর ২০২৩

**সদয় অবগতি ও কার্যাথে প্রেরণ করা হল (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
৭। ................................................................................(সংশ্লিষ্ট সকল), রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৮। অফিস কপি।


27.12.2023
(মোহাম্মদ ছুরত আলম)
সহকারী প্রোগ্রামার (অ.দা.)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ফোন: ০১৮১৪-১৩৮৫৮৮
ই-মেইল- alamdoict@gmail.com